**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-03-2026** **Desk in Charge : S.D.G.**
**Time : 7-50 P.M.** **Compiling : DSS**
**DEO: KB** **NRT : DSS**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাজ্যপাল সি ভি আনন্দ বোস, পদত্যাগ করেছেন।

২/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, দুদিনের সফরে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন।

৩/ পশ্চিমবঙ্গ থেকে রাজ্যসভার পাঁচটি আসনে নির্বাচনের জন্য পাঁচ জন প্রার্থী আজ তাঁদের মনোনয়ন জমা দিয়েছেন। # এদের মধ্যে চারজন তৃণমূল কংগ্রেস এবং একজন বিজেপির।

৪/ বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রবিবার ৮'ই মার্চ রাজ্যে আসছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ।

৫/ দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর রাজ্যে বিজেপির পরিবর্তন যাত্রা আজ আবার শুরু হয়েছে । ৯ টি জায়গায় এই যাত্রার আয়োজন করা হয়।

৬/ ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গণে আজ ইস্টবেঙ্গল ও FC গোয়ার মধ্যে খেলাটি গোলশূণ্যভাবে শেষ হয়েছে।

*************************************************************************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, পদত্যাগ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে তিনি পদত্যাগ পত্র পাঠিয়েছেন বলে রাজভবনসূত্রে খবর। বিস্তারিত খবর এখনো পাওয়া যায়নি। রাজ্যের অস্থায়ী রাজ্যপাল হচ্ছেন আর এন রবি। তিনি তামিলনাডুর সঙ্গে পশ্চিমবঙ্গের দায়িত্ব'ও সামলাবেন।

******************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, দুদিনের সফরে আগামীকাল পশ্চিমবঙ্গে আসছেন। প্রথম দিন তিনি দার্জিলিং-এর পার্বত্য উৎসব উদ্বোধনের পাশাপাশি বন্দে মাতরম-এর সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে লোকভবনে 'রুট অ্যান্ড রিদিম্স' শীর্ষক এক প্রদর্শনীর ্সূচনা করবেন।

এছাড়াও তিনি IIT খড়গপুরে মহিলাদের নেতৃত্ব ও ক্ষমতায়ন সংক্রান্ত এক উন্নয়নমূলক কর্মসূচীর প্ল্যাটিনাম জয়ন্তীর ভার্চুয়াল উদ্বোধন করবেন।

শনিবার ৭'ই মার্চ শ্রীমতী মুর্মু শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দেবেন। বিধাননগর মাঝি থানার গোঁসাইপুরে ওই সম্মেলনে দেশ বিদেশের ১২'শ প্রতিনিধির যোগদানের কথা। রাষ্ট্রপতি শালগাছ রোপণ করে দেশকে বিশ্ব উষ্ণায়ন থেকে বাঁচানোর বার্তা দেবেন।

**********************

পশ্চিমবঙ্গ থেকে রাজ্যসভার পাঁচটি আসনে নির্বাচনের জন্য পাঁচ জন প্রার্থী আজ তাঁদের মনোনয়ন জমা দিয়েছেন।

বিজেপির প্রার্থী হিসাবে মনোনয়ন পত্র পেশ করেন প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিন্হা। বিধানসভায় এই উপলক্ষে তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য, প্রধান মুখপাত্র দেবজিৎ সরকার প্রমুখ।

তৃণমূল কংগ্রেসের পক্ষে প্রাক্তন IPS আধিকারিক রাজীব কুমার, রাজ্যের মন্ত্রী ও গায়ক বাবুল সুপ্রিয়, অভিনেত্রী কোয়েল মল্লিক ও সুপ্রিম কোর্টের আইনজীবি মেনকা গুরুস্বামী, বিধানসভার সচিব, রিটার্নিং আধিকারিক সৌমেন্দ্রনাথ দাসের কাছে প্রার্থী পদ দাখিল করেন।

উল্লেখ্য, আজই ছিল পশ্চিমবঙ্গের পাঁচ সহ দশ রাজ্যের ৩৭টি আসনে রাজ্যসভা নির্বাচনের জন্য মনোনয়ন দাখিলের শেষ দিন। জমা পড়া মনোনয়নপত্রগুলি আগামীকাল পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহার করা যাবে ৯ই মার্চ পর্যন্ত। ভোটগ্রহণ ১৬ই মার্চ। ঐদিনই ফলাফল ঘোষণা করা হবে।

এদিকে পশ্চিমবঙ্গের ৫ টি আসনের জন্য যেহেতু পাঁচ জন প্রার্থী মনোনয়ন পেশ করেছেন, সেই কারণে ভোটাভুটির সম্ভাবনা আর নেই বলেই মনে করা হচ্ছে।

***********************

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রবিবার ৮'ই মার্চ রাজ্যে আসছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ। কমিশনের পক্ষ থেকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে পাঠানো এক চিঠিতে, সফরসূচী ওই বৈঠকের বিস্তারিত কর্মসূচী জানানো হয়েছে।

কমিশন সূত্রে জানা গেছে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ, ৮ মার্চ রাতে কলকাতা বিমান বন্দরে পৌঁছবেন। পরের দিন তাঁরা প্রথমে স্বীকৃত জাতীয় ও রাজ্য স্তরের দলগুলির প্রতিনিধি এবং পরে আইন বলবতকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কমিশনের সদস্যরা কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ বৈঠক করবেন প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা। বিকেলে সাংবাদিক বৈঠক শেষে কমিশনের সদস্যরা দিল্লি ফিরে যাবেন।

এদিকে, ৮'ই মার্চ দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও।

অন্যদিকে, কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের রাজ্য সফরের আগে অভ্যন্তরীণ প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ জেলাশাসক পুলিশ সুপার ও নিরাপত্তা বাহিনীর নোডাল অফিসারদের সঙ্গে দফায় দফায় বৈঠক করেন। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীও ভার্চুয়াল ওই বৈঠকে যোগ দেন।

************************

ঝাড়খণ্ড ও ওড়িশা হাইকোর্টের বিচারকদের SIR-এর কাজে নিয়োগের বিষয়ে আলাপ আলোচনা করতে আজ ফের একদফা বৈঠকে করেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, রাজ্য পুলিশের ডিজি পীযূষ পাণ্ডে , কলকাতার পুলিশ কমিশনার সুপ্রতীম সরকার,রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্ত, কেন্দ্রের এডিশনাল সলিসিটর জেনারেল অশোক চক্রবর্তী এবং নির্বাচন কমিশনের এডিশনাল সিইও অরুণ প্রসাদ ওই বৈঠকে ছিলেন। ।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আগেই জানিয়েছেন, রাজ্যের এসয়াইয়ারের কাজ দ্রুত সম্পন্ন করতে ঝাড়খণ্ড থেকে ১০০ জন এবং ওড়িশা থেকে ১০০ জন করে বিচারক আসছেন। সংশ্লিষ্ট দুই রাজ্যের প্রধান বিচারপতি ইতিমধ্যে এ ব্যাপারে সম্মতি দিয়েছেন।

এদিকে, প্রথম দফার চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর SIR-এর প্রতিবাদে ধর্মতলায় আগামীকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ধর্ণা অবস্থানে বসবেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

************************

রাজ্যে যতদিন পর্যন্ত না সমস্ত বৈধ ভোটারের নাম তালিকায় অন্তর্ভুক্ত হচ্ছে ততদিন পর্যন্ত নির্বাচন ঘোষণা না করা র দাবি জানিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। এই ব্যাপারে তিনি শীর্ষ আদালতে যাওয়ার প্রস্তুতি শুরু করেছেন বলে অধীর বাবু জানান।

( বাইট- অধীর )

বামফ্রন্ট'ও বিচারাধীন ৬০ লক্ষ ভোটারের সমস্যা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রাজ্যে বিধানসভা নির্বাচন ঘোষণা না করার দাবি জানিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কাছেই এক সমাবেশে ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন, সুনির্দিষ্ট কোনো কারণ না জানিয়েই প্রায় ৬০ লক্ষ ভোটারকে 'বিচারাধীন ' রাখা হয়েছে। বিমান বসুর নেতৃত্বে আজ ফ্রন্টের এক প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন।

************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় প্রগতি।আজকের বিশেষ আলোচনায় থাকছে "বিকশিত ভারতের লক্ষ্যে দেশের শক্তি ক্ষেত্রে এনটিপিসি র পথচলা "। সংস্থার ডেপুটি জেনারেল ম্যানেজার সৃজা ভট্টাচার্যের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ ( ০৫/০৩/২৬) রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

***********************

দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর রাজ্যে বিজেপির পরিবর্তন যাত্রা আজ আবার শুরু হয়েছে । ৯ টি জায়গায় এই যাত্রার আয়োজন করা হয়। পাশাপাশি বৃহত্তর কলকাতার ২৯টি বিধানসভা কেন্দ্রে বের করা হয় একটি করে ট্যাবলো। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর উত্তর দিনাজপুরের ইসলামপুরে এই কর্মসূচীতে অংশ নিয়ে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যেনিরলসভাবে কাজ করে চলেছেন। কিন্তু তৃণমূল কংগ্রেস সরকার, বিভিন্ন কেন্দ্রীয় জনকল্যাণমূলক প্রকল্প রাজ্যের মানুষের কাছে পৌঁছতে বাধা দিচ্ছে।

( বাইট- সাবিত্রী ঠাকুর )

অনুষ্ঠানে রায়গঞ্জের সাংসদ কার্তিক চন্দ্র পাল বলেন, 'এক ভারত শ্রেষ্ঠ ভারত' এবং বিকশিত পশিমবঙ্গ গড়ে তোলার লক্ষ্যেই এই পরিবর্তন যাত্রা।

আরেক কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ, কোচবিহারের শীতলকুচিতে পরিবর্তন যাত্রায় অংশ নেন। রাজ্যে পরিবর্তন অবশ্যম্ভাবী দাবী করে তিনি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির SIR বিরোধিতার'ও সমালোচনা করেন।

এদিকে, উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জে পরিবর্তন যাত্রার উদ্বোধন করেন। ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, দলের নেত্রী লকেট চট্টোপাধ্যায়। পরে এক জনসভায় শ্রী ধামি বলেন, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, স্বামী বিবেকানন্দ ও সুভাষচন্দ্র বসুর মতো মহান ব্যক্তিত্বদের জন্মস্থান এই

বাংলা এক সময় শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান ও শিল্পে, দেশকে নেতৃত্ব দিয়েছে। কিন্তু বর্তমান তৃণমূল কংগ্রেস সরকার রাজ্যের শিক্ষিত যুবকদের চাকরী দেওয়ার পরিবর্তে ভাতার ব্যবস্থা করেছে। অবৈধ অনুপ্রবেশকারী এবং মৃত ভোটারদের নাম বাদ দিতে রাজ্যে ক্ষমতাসীন দল কেন বাধা দিচ্ছে, সেই প্রশ্ন'ও তোলেন তিনি।

**********************

**পশ্চিম বর্ধমানের** বারাবনী ও দুর্গাপুরে পরিবর্তন যাত্রাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়। বারাবনী বৌরান্ডি এলাকায় বিজেপি কর্মী-সমর্থকেরা যখন পতাকা লাগাচ্ছিলেন, তখন তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা তাঁদের বাধা দেয় ও মারধোর করে বলে অভিযোগ। অন্যদিকে দুর্গাপুরে ইন্দো আমেরিকান মোড়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পোস্টার তৃণমূল কংগ্রেস ছিঁড়ে দেয় বলে বিজেপির অভিযোগ।

**উত্তর ২৪ পরগণার** বনগাঁ-তে পরিবর্তন যাত্রার বাইক র‍্যালিতে পুলিশি বাধা দেয় বলে অভিযোগ। এই ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়।

**কোচবিহারের মাথাভাঙা** নিশিগঞ্জে বিজেপির মিছিলের পাল্টা শাসক দল মিছিল বের করলে উত্তেজনা ছড়ায়।

**********************

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ও এফ সি গোয়ার মধ্যে খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়েছে। ইস্টবেঙ্গল চার ম্যাচে সাত পয়েন্ট নিয়ে লিগ তালিকার চতুর্থ স্থানে আছে। অন্যদিকে এফ সি গোয়া চার ম্যাচে আট পয়েন্ট পেয়ে রয়েছে তৃতীয় স্থানে।

******************************************************************